

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ আবু বকর ছিদ্দীক
চেয়ারম্যান (সিনিয়র সচিব), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
তারিখ : ১০-০৪-২০২৩ খ্রিঃ।
সময় : বেলা ১১.০০ ঘটিকা।
স্থান : ভূমি সংস্কার বোর্ডের সভাকক্ষ, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩ সভায় এজেন্ডাভুক্ত বিষয়গুলো উপস্থাপন করেন। সভাপতি মহোদয় শুদ্ধাচার কৌশল এবং নীতি-নৈতিকতা বিষয়ে বিশদ আলোচনা করেন। সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সদস্য (প্রশাসন) আলোচনায় উল্লেখ করেন যে, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়ে তালাবদ্ধ অভিযোগ বন্ধ রাখতে হবে এবং উর্ধ্বতন কর্মকর্তাগণ পরিদর্শনকালে এটি খুলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবেন। অতঃপর সভাপতি মহোদয় “শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১” অনুযায়ী পুরস্কার প্রদানের লক্ষ্যে সদস্য (প্রশাসন) মহোদয়কে সভাপতি করে ৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করেন এবং এ বিষয়ে কমিটির সকল সদস্যবৃন্দ একমত পোষণ করেন। পরিশেষে এজেন্ডাভুক্ত বিষয়গুলো নিয়ে কমিটির সদস্যবৃন্দ বিস্তারিত আলোকপাত করেন।

আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

- ১। সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়ে একটি অভিযোগ বন্ধ স্থাপন করে সেটি তালাবদ্ধ অবস্থায় রক্ষিত থাকবে। উর্ধ্বতন কর্মকর্তাগণ পরিদর্শনকালে বন্ধটি খুলে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন।
- ২। আগামী ৩০/০৪/২০২৩ তারিখ চট্টগ্রাম ও খুলনা বিভাগের অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/রেভিনিউ ডেপুটি কালেক্টর গণদের ফিডব্যাক কর্মশালা আয়োজন করতে হবে।
- ৩। “শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১” অনুযায়ী পুরস্কার প্রদানের নিমিত্ত গঠিত ৫ (পাঁচ) সদস্যের কমিটি নীতিমালা মোতাবেক পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে।
- ৪। মে/২৩ মাসের মধ্যে ৪র্থ ত্রৈমাসিকের জন্য নির্ধারিত শুদ্ধাচার প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবু বকর ছিদ্দীক
সভাপতি


ও
চেয়ারম্যান (সিনিয়র সচিব)
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০১৩.৩৫.০০১.২২.৩১

তারিখ : ২৯ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো [জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়] :

- ১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক (সকল)।
- ৪। উপ-ভূমি সংস্কার কমিশনার- ১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ৫। উপ-ভূমি সংস্কার কমিশনার (ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ বিভাগ)।
- ৬। সহকারী ভূমি সংস্কার কমিশনার- ১/২/৩/৪/৫/৬।
- ৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি সংস্কার সংস্কার বোর্ড, ঢাকা।
- ৮। চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ✓ ৯। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। অফিস কপি।


২৪/০৪/২৩
(সাবরিনা সুলতানা)
সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩
(অতিরিক্ত দায়িত্ব)
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৮১৭০১৫৫
ই-মেইল: alrc3@lrb.gov.bd